# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন ॥ সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট ও ছাত্র প্রতিনিধি নেই

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আজ সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে নির্বাচন অনুষ্ঠিত হবে। আজই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ অর্থবছরের বাজেট পেশ করা হবে। নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থিত "সাদা" এবং আওয়ামী লীগ সমর্থিত "নীল" দলের শিক্ষকরা অংশ নেবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সালের অধ্যাদেশের ১১(১) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষককে উপাচার্য প্যানেলের জন্য নির্বাচিত করা হয়। বিশ্ববিদ্যালয়ের সিনেটরদের ভোটে এই তিনজন নির্বাচিত হন। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এই তিনজনের মধ্য থেকে একজনকে চার বছরের জন্য উপাচার্য হিসাবে নিয়োগ দেন। জোট সরকার বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে গত ১২ নবেম্বর উপাচার্য হিসাবে নিয়োগ দেয়। এ সময় সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে ১৮৮৭ সালের জেনারেল ক্লজেস এ্যাক্ট অনুযায়ী অপসারণ করা হয়। এ নিয়ে ব্যাপক বির্তকের সৃষ্টি হয়। পরে জোট সরকার বিতর্ক এড়ানোর জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনকে উপাচার্য প্যানেল নির্বাচনের পরামর্শ দেয়। এই পরামর্শেই নির্বাচন হচ্ছে। ইতোমধ্যেই সাদা দলের প্যানেল ঘোষণা করা হয়েছে। সাদা দলের তিন শিক্ষক হলেন বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আফম ইউসুফ হায়দার এবং সামাজিক অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান। নীল দলের শিক্ষকরা এই রিপোর্ট (রাত পৌনে ৮টা) লেখা পর্যন্ত উপাচার্য প্যানেল নিয়ে মিটিং করছিলেন। তবে নীল দলের শিক্ষকদের মধ্যে উপাচার্য প্যানেলে যাঁদের নাম শোনা যাচ্ছে তাঁরা হলেন অধ্যাপক এবিএম মাহমুদ, অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ, অধ্যাপক জেডএ নওশের আলী খান এবং অধ্যাপক আরআইএম আমিনুর রশীদ। গোলাপী দলের শিক্ষকরা এই নির্বাচনকে রাজনৈতিক নির্বাচন হিসাবে উল্লেখ করে বর্জন করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ১০৪ সদস্য থাকার কথা থাকলেও বর্তমানে সদস্য সংখ্যা ৭৪। রেজিস্টার্ড গ্রাজুয়েটদের ২৫ জন এবং ৫ জন ছাত্র প্রতিনিধি না থাকায় সদস্য সংখ্যা ৭৪-এ দাঁড়িয়েছে। এর মধ্যে ৬ জন বাইরে থাকার কারণে ভোট দেবেন ৬৮ জন। এই ৬৮ জনের ভোটেই প্যানেল নির্বাচিত হবে। এই নির্বাচনে সাদা দলের শিক্ষকরাই এগিয়ে রয়েছেন। কারণ ৭৪ সদস্যের মধ্যে নীল দলের মাত্র ২০ জন। বাকি ৫৪ জনই সাদা দলের। নীল দলের ২০ জনের মধ্যে আবার ৫ জন বাইরে রয়েছেন।

সাদা দলের তিন জনের মধ্য থেকে কে হবেন উপাচার্য এটিই এখন বিশ্ববিদ্যালয়ের আলোচ্য বিষয়। ভোটের হিসাবে অধ্যাপক আসাদুজ্জামান এবং অধ্যাপক ইউসুফ হায়দার সব সময়ই এগিয়ে থাকেন। কিন্তু এই নির্বাচনে বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহই সর্বোচ্চ ভোট পাবেন বলে শিক্ষকদের মধ্য থেকে জানা গেছে। তিনিই পুনরায় উপাচার্য হবেন বলে শিক্ষকরা বলাবলি করছেন। কেবল বিতর্ক এড়ানোর জন্যই এই নির্বাচন। বাকি দু'জনের মধ্য থেকে একজনকে বিশ্ববিদ্যালয়ের শূন্য উপউপাচার্য পদে নিয়োগ করা হবে বলে জানা গেছে।

সিনেট অধিবেশন বিকাল সাড়ে তিনটায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। সিনেট অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ অর্থবছরের বাজেট পেশ করা হবে। এবারের বাজেট ধরা হয়েছে ৯১ কোটি ২২ লাখ ৬৫ হাজার টাকা। এর মধ্যে ঘাটতি বাজেট ১০ কোটি ১২ লাখ ৬৫ হাজার টাকা। সিনেট অধিবেশনে উপাচার্য প্যানেল নির্বাচন

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

ঢা, বি,

(১২-এর পাতার পর)

এবং বাজেট ছাড়াই ২০০০-২০০১ শিক্ষাবর্ষের বার্ষিক বিবরণী বিবেচনা এবং প্রথম সংবিধির ৪৫ (৪) ধারা অনুযায়ী ট্রাইব্যুনাল গঠনের জন্য ৬ সদস্যবিশিষ্ট একটি প্যানেল গঠন করা হবে। সিনেট অধিবেশনে সভাপতিত্ব করবেন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী।